

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 27-09-2024**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, পর্যটনের প্রধান শর্তই হচ্ছে শান্তি।
- (২) মুখ্যমন্ত্রী রাবার মিশনে গত ৪ বছরে ৪৬ হাজার ৮৬ দশমিক পাঁচ পাঁচ হেক্টর এলাকা রাবার চাষের আওতায় আনা হয়েছে।
- (৩) "এক পেড় মা কে নাম" এ পর্যন্ত সারা দেশে ৮০ কোটিরও বেশি চারা রোপণ করা হয়েছে।
- (৪) চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় লালবাহাদুর ব্যায়ামাগার তৃতীয় দল হিসেবে সুপার লিগে উঠেছে।

\*\*\*\*\*

**Governor, Tourism :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, পর্যটনের প্রধান শর্তই হচ্ছে শান্তি। শান্তি না থাকলে পর্যটনের উন্নয়ন ও বিকাশ সম্ভব নয়। বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আজ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে পর্যটন নিগম আয়োজিত সাইকেল রেলি ও শান্তি শোভাযাত্রার আনুষ্ঠানিক সূচনা করে তিনি একথা বলেন। রাজ্যপাল বিশ্ব পর্যটন দিবসে এবছরের ভাবনা 'পর্যটন ও শান্তি' এই বিষয়টি মাথায় রেখেই পর্যটন শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়া আহবান জানান।

রাজ্যের পর্যটন শিল্পের উন্নয়নে বেশকিছু পরামর্শ দেন তিনি।  
রাজ্যপাল বলেন,

#####Byte#####

অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন পর্যটন দিবস উপলক্ষে রাজ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মূল অনুষ্ঠান হবে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকীভবনে। তিনি জানান, বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে ত্রিপুরার পর্যটনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর সৌরভ গাঙ্গুলীর পাঠানো ১০ লক্ষ টাকা দিয়ে প্রত্যেক জেলায় ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছে। অনুষ্ঠানে পর্যটন নিগমের এমডি প্রশান্ত বাদল নেগী উপস্থিত ছিলেন। সবশেষে পতাকা নেড়ে শান্তি শোভাযাত্রার সূচনা করেন রাজ্যপাল, পর্যটন মন্ত্রী সহ অন্যান্য অতিথিরা। শ্বেত মহল থেকে শোভাযাত্রাটি বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*

#### **Press Meet-Tribal Welfare :**

মুখ্যমন্ত্রী রাবার মিশনে গত ৪ বছরে ৪৬ হাজার ৮৬ দশমিক পাঁচ পাঁচ হেক্টর এলাকা রাবার চাষের আওতায় আনা হয়েছে। উপকৃত হয়েছেন ৫৬ হাজার ৪০০ জন জনজাতি অংশের মানুষ। আগামী বছর আরও প্রায় ২৩ হাজার হেক্টর এলাকা এই প্রকল্পে রাবার চাষের আওতায় আনা হবে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ অধিকর্তা সুভাশিস দাস এই সংবাদ জানান। তিনি জানান, পাঁচ বছরের জন্য নেওয়া মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পটি আগামী বছর শেষ হবে।

সাংবাদিক সম্মেলনে রাবার প্রোডাকশন কমিশনার ডা: সিজু টি বলেন, কেরালার পরেই রাবার উৎপাদনে ত্রিপুরা দ্বিতীয় স্থানে রয়েছে। মুখ্যমন্ত্রী রাবার মিশন এখানে সাফল্যের সঙ্গে রূপায়ণ করা হচ্ছে। এজন্য তিনি রাজ্য সরকারকে ধন্যবাদ জানান।

\*\*\*\*\*

## **Press Meet-Food Minister :**

খাদ্য ও জনসম্ভরণ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন দুর্গাপূজো উপলক্ষে রেশন দোকানের মাধ্যমে রাজ্যের ৯ লক্ষ ৮৩ হাজার ভোক্তাকে আগামী অক্টোবর মাসে এক কেজি চিনি, ২ কেজি ময়দা এবং ৫০০ গ্রাম সুজি সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে। এতে রাজ্য সরকারের খরচ হবে ৬ কোটি ৮৪ লক্ষ টাকা। তাছাড়া রেশন দোকান গুলিতে তিন মাসের বকেয়া চিনিও আগামী মাসেই একসঙ্গে দেয়া হবে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী একথা জানান। খাদ্যমন্ত্রী জানান রাজ্যের রেশন ভোক্তাদের কাগজের বই পরিবর্তন করে পিভিসি কার্ড প্রদান করা হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ৩০ সেপ্টেম্বর ভোক্তা সুরক্ষা সম্পর্কিত রাজ্যভিত্তিক সেমিনারে এই কার্ডের উদ্বোধন করবেন। আগরতলা পুর নিগম এলাকায় রেশন দোকানে যে সমস্ত ভোক্তাদের ই-কে ওয়াই সি করা আছে তাদের পিভিসি রেশন কার্ড আগামী ডিসেম্বর মাসের মধ্যে প্রদান করা হবে। আগামী বছরের মার্চ মাসের মধ্যে সারা রাজ্যে এই পিভিসি কার্ড প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে খাদ্য দপ্তর। সাংবাদিক সম্মেলনে খাদ্য দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার ও দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## **Swacchata Hi Seva :**

রাজ্যে স্বচ্ছতাই সেবা, বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে উদযাপিত হচ্ছে। আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চলবে এই কর্মসূচী। স্বচ্ছতাই সেবা কর্মসূচীর রাজ্য নোডাল অফিসার নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পন্থ আকাশবাণীর সঙ্গে এক সাক্ষাতকারে জানান, স্বচ্ছতা এক ধারাবাহিক কর্মসূচী। সরকারের একার পক্ষে স্বচ্ছতা বজায় রাখা সম্ভব নয়। নাগরিকদের এব্যাপারে ভূমিকা রয়েছে। তিনি জানান এবছর স্বচ্ছতাই সেবা কর্মসূচীতে ব্ল্যাক স্পট নামে এক কর্মসূচী নেওয়া হয়েছে। এই কর্মসূচী অনুযায়ী

দীর্ঘ দিনের আবর্জনার স্তুপ রয়েছে এমন জায়গাগুলো সম্পূর্ণ ভাবে পরিষ্কার করা হবে। রাজ্যে এই ধরনের এক হাজার স্থান চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে ৬৭টি স্পটকে পরিষ্কার করা হয়েছে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Swachhata Hi Seva-Unakoti :**

"স্বচ্ছতা হি সেবা" কর্মসূচির অন্তর্গত "স্বচ্ছতা কি ভাগিদারী" অনুষ্ঠান আজ কৈলাশহরের ঊনকোটিতে অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে প্রত্নভূমি ঊনকোটির প্রবেশপথ ও তার আশপাশ এলাকা পরিষ্কার -পরিচ্ছন্ন করা হয়। ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে B.S.F, আসাম রাইফেলস, ত্রিপুরা পুলিশ সহ বিভিন্ন সংস্থা ও সংগঠন অংশ নেন। কর্মসূচি উপলক্ষে ঊনকোটি পাহাড়ে হয় মানব শৃঙ্খল বা মানববন্ধন। তাছাড়া স্বচ্ছতার জন্য দৌড় ও অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা প্রমুখ।

\*\*\*\*\*

#### **Swachata Hi Seva-Khowai :**

কল্যাণপুর ব্লক প্রশাসনের উদ্যোগে আজ কল্যাণপুর বাজার এলাকা স্বচ্ছতা ই সেবা কর্মসূচির অঙ্গ হিসাবে সাফাই করা হয়। এই সাফাই অভিযানে উপস্থিত ছিলেন কল্যাণপুরের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ, সহকারী ব্লক আধিকারিক প্রশান্ত চক্রবর্তী, কল্যাণপুর থানার ওসি তাপস মালাকার।

\*\*\*\*\*

#### **Ek Ped Maa ke Naam :**

মেগা বৃক্ষরোপণ অভিযান "এক পেড় মা কে নাম" এর অধীনে এ পর্যন্ত সারা দেশে ৮০ কোটিরও বেশি চারা রোপণ করা

হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক ৮০ কোটি চারা রোপণের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য সফলভাবে পূরণ করেছে। মন্ত্রক সূত্রে জানা গেছে, নির্ধারিত সময়ের পাঁচ দিন আগে চলতি মাসের ২৫ তারিখে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। মন্ত্রক জানিয়েছে এই সাফল্য সরকারী সংস্থা, স্থানীয় সম্প্রদায় এবং বিভিন্ন অংশীদারদের সহযোগিতামূলক প্রচেষ্টার ফলে সম্ভব হয়েছে। এক পেড় মা কে নাম বনায়নে দেশব্যাপী সাফল্য অর্জনে উত্তরপ্রদেশ প্রায় ২৬ কোটি চারা রোপণ করে এগিয়ে রয়েছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গত ৫ই জুন বিশ্ব পরিবেশ দিবসে এই অভিযানের সূচনা করেন।

\*\*\*\*\*

#### **AUUSH, 100 Days :**

আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব বলেছেন যে তাঁর মন্ত্রক জনগণের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ। গত ১০০ দিনে তার মন্ত্রকের কৃতিত্বের বিষয়ে আজ নতুনদিল্লিতে শ্রী যাদব সাংবাদিকদের বলেন, বিশ্ব স্বাস্থ্যসেবা ব্যবস্থায় আয়ুশ ব্যবস্থার একীকরণ উন্নত করার জন্য মন্ত্রক এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা একটি ডোনার চুক্তি স্বাক্ষর করেছে। মন্ত্রী বিশ্বব্যাপী ঐতিহ্যবাহী ওষুধের চর্চাকে এগিয়ে নিয়ে যেতে ভিয়েতনামের সঙ্গে ঔষধি গাছের সমঝোতা স্মারক এবং গবেষণা, জ্ঞান বিনিময় এবং আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি তৈরির জন্য আয়ুর্বেদ বিষয়ে মালয়েশিয়ার সঙ্গে সমঝোতা স্মারকের কথা উল্লেখ করেন। মন্ত্রী বলেন যে ফার্মাকোপিয়া কমিশন ফর ইন্ডিয়ান মেডিসিন এন্ড হোমিওপ্যাথি ও ভারতীয় ফার্মাকোপিয়া কমিশন ওয়ান হার্ব, ওয়ান স্ট্যান্ডার্ড উদ্যোগের জন্য একটি ঐতিহাসিক সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। আয়ুষ ওষুধের সহজলভ্যতার নিশ্চয়তা দিতে, সরকার প্রতিটি তহশিল স্তরে বিশেষ মেডিকেল স্টোর খুলতে চায়। তিনি জানান যে বয়স্কদের স্বাস্থ্যসেবার চাহিদা মেটাতে সারা দেশে ১৪,৬৯২টি আয়ুষ ক্যাম্পের আয়োজন করা হয়েছে।

শ্রী যাদব বলেন যে তার মন্ত্রক আয়ুত্থান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে আয়ুর্বেদিক প্যাকেজগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য একটি পর্যালোচনা সভা ডেকেছে যাতে আয়ুষ চিকিৎসাকে মূলধারার স্বাস্থ্যসেবায় অন্তর্ভুক্ত করা যায়।

\*\*\*\*\*

#### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৪তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

#### **CPIM :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী অভিযোগ করেছেন যে রাজ্যে আসন্ন দুর্গা পূজার প্রাক্কালে মানুষের অর্থনৈতিক অবস্থা চরম সংকটের মধ্যে রয়েছে। আজ সিপিআইএম সদর দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ করে তিনি বলেন একদিকে গ্রাম শহরে কোন কাজ নেই অপরদিকে সাম্প্রতিক বন্যায় মানুষের অবস্থা বিপর্যস্ত। এই পরিস্থিতিতে বিপন্ন মানুষের জন্য রাজ্য সরকারের প্রয়োজনীয় ত্রাণ বন্টনে বৈষম্য করা হচ্ছে বলে শ্রী চৌধুরী অভিযোগ করেন। তিনি বলেন

পূজার উৎসবের সময় প্রতি বছর বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে গ্রামে এবং শহরে কাজের ব্যবস্থা করা হতো। শ্রী চৌধুরী অর্থনৈতিক সংকটের পাশাপাশি রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভেঙ্গে পড়েছে বলেও অভিযোগ করেন। রাজ্যে খুন ও মহিলাদের উপর নির্যাতন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে বলে অভিযোগ করেন তিনি। বিদ্যুতের দাম বৃদ্ধির ও অভিযোগ করেন তিনি। এইসব অভিযোগ নিয়ে আগামী তেসরা অক্টোবর আগরতলায় দলের পক্ষ থেকে রাজ্যভিত্তিক প্রতিবাদ মিছিল করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান। সাংবাদিক সম্মেলনে রাজ্য বামফ্রন্ট কমিটির আহ্বায়ক নারায়ণ কর উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **DGP-Bishalgarh :**

রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন আজ বিশালগড় মহকুমার বিশালগড় থানা, মহিলা থানা ও সোনামুড়া মহকুমার মেলাঘর থানা পরিদর্শন করেছেন। মহানির্দেশকের সঙ্গে ছিলেন সিপাহীজলা জেলার পুলিশ সুপার বি.জে. রেড্ডি। আসন্ন শারদীয়া উৎসবের সময় আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার লক্ষ্যেই পুলিশ মহানির্দেশকের এই সফর। তিনি জানান, শারদোৎসবের দিনগুলি সাধারণ মানুষ যাতে নিবিঘ্নে কাটাতে পারেন তার জন্য পুলিশের পক্ষ থেকেও ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Anti Drug campaign-Belonia :**

তামাকমুক্ত যুব অভিযান কর্মসূচী বাস্তবায়ন করতে আজ দক্ষিণ ত্রিপুরার জেলা তামাক নিয়ন্ত্রণ সেলের উদ্যোগে বিলোনিয়ার বনকর বাজার এবং আশেপাশের স্কুল এলাকায় COTPA আইনের ২০০৩ মোতাবেক অভিযান চালিয়ে আইন ভঙ্গকারী ৮ জন দোকানদারকে জরিমানা করা হয়। দক্ষিণ জেলার ড্রাগ ইনস্পেকটর আদিত্য প্রকাশ চাকমা, জাতীয় তামাক নিয়ন্ত্রণ

কর্মসূচির দক্ষিণ জেলার পরামর্শক অরিজিৎ দাস বিলোনিয়ার থানার পুলিশকে সঙ্গে নিয়ে এই অভিযান চালান।

\*\*\*\*\*

#### **Rastriya Poshan Maah-Sepahijala :**

বিশালগড়ের নুতন টাউন হলে আজ সিপাহীজলা জেলা ভিত্তিক ৭ম "রাষ্ট্রীয় পোষণ মাস", "বেটি বাঁচাও-বেটি পাড়াও" ও "নেশামুক্ত ত্রিপুরা অভিযান" অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন নিজ নিজ এলাকায় একজন মা ও শিশুও যেন অপুষ্টিতে না ভোগে সেই সংকল্প নিতে হবে অঙ্গনওয়াড়ি কর্মীদের। মন্ত্রী বলেন পোষণ ট্রেকারে বিভিন্ন তথ্য আপলোডের সুবিধার্থে কিছুদিনের মধ্যে অঙ্গনওয়াড়ি কর্মীদের উন্নতমানের মোবাইল ফোন প্রদান করা হবে। শীঘ্রই বকেয়া মোবাইল বিল ও ইনসেন্টিভও মিটিয়ে দেওয়া হবে বলে তিনি জানান। মন্ত্রী বলেন আগামী ১ বছরের মধ্যে রাজ্যের সব অঙ্গনওয়াড়ি কেন্দ্র গুলিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে। ইতিমধ্যেই বেশ কিছু অঙ্গনওয়ারাই কেন্দ্রে চালু হয়েছে স্মার্ট ক্লাস। সরকারের পাশপাশি এসব কাজে অঙ্গনওয়াড়ি কর্মী, সহায়িকা ও সাধারণ মানুষকে সহযোগিতা করার আবেদন জানান মন্ত্রী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরিকায়স্থ, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবশীষ দাস প্রমুখ। অনুষ্ঠানে মোট ৫ জন গর্ভবতী মায়ের হাতে পোষণ কিট তুলে দেন অনুষ্ঠানের উদ্বোধক সহ অন্য অতিথিরা। তাছাড়া অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের বিভিন্ন কাজের জন্য পুরস্কার ও সংবর্ধনা প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Chandra Smriti League :**



ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় লালবাহাদুর ব্যায়ামাগার তৃতীয় দল হিসেবে সুপার লিগে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ বিকালে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ১-০ গোলে টাউন ক্লাবকে পরাজিত করে। এর আগে এগিয়ে চলো সংঘ ও রামকৃষ্ণ ক্লাব সুপার লিগে খেলার যোগ্যতা অর্জন করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*